আরও ১ জনের মৃত্যু,২৪ ঘণ্টায় করোনায় নতুন কোনো আক্রান্ত নেই

দেশে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে ২৪ ঘণ্টায় আরও একজনের মৃত্যু হয়েছে। এনিয়ে মৃত্যের সংখ্যা দাঁড়ালো ৫। এইসময় আর নতুন কোন রোগী শনাক্ত হয়নি। করোনা ভাইরাস থেকে সুস্থ হয়ে উঠেছেন আরও ২ জন। সবমিলিয়ে সুস্থ হয়েছেন ৭ জন।

আজ বুধবার দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা করোনা ভাইরাস সংক্রান্ত অনলাইন লাইভ ব্রিফিংয়ে এ তথ্য জানান।

তিনি বলেন, এ পর্যন্ত দেশে মোট ৭৯৪ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। গত ২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষা করা হয়েছে আরও ৮২ জনের জনের। এদের মধ্যে নতুন করে কেউ আক্রান্ত হননি। ফলে আক্রান্ত রোগীর সংখ্যা ৩৯-ই থাকলো।

তবে আগে থেকে যারা আক্রান্ত ছিলেন, তাদের মধ্যে একজন আজ বুধবার সকালে মারা গেছেন। তার বয়স ছিল ৬৪ বছর। তিনি উচ্চরক্তচাপ ও ডায়াবেটিসে ভুগছিলেন। বিদেশ ফেরত এক ব্যক্তির সংস্পর্শে থেকে গত ১৮ই মার্চ করোনা ভাইরাসে আক্রান্ত হন তিনি। এরপর স্থানীয় একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। অবস্থার অবনতি হলে গত ২১শে মার্চ তাকে রাজধানীর কুয়েত মৈত্রী হাসপাতালে ভর্তি করা হয়।

তিনি আরও জানান, দেশে বর্তমানে করোনা নিশ্চিত বা সন্দেহভাজন এমন ৪৭ জন আছেন আইসোলেশনে। প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে আছেন ৪৭ জন। এছাড়া সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন আরও ২জন। সব মিলিয়ে করোনা ভাইরাস থেকে সুস্থ হয়েছেন মোট ৭ জন।

বাড়িতে কোয়ারেন্টিনে থাকা বৃদ্ধের মৃত্যু সিলেটে

সিলেট নগরের নিজ বাড়িতে কোয়ারেন্টিনে থাকা এক বৃদ্ধ (৬৫) মারা গেছেন। গত মঙ্গলবার রাত ৯টার দিকে তিনি মারা যান। তবে তিনি করোনা আক্রান্ত নন বলে জানিয়েছেন সিলেটের সিভিল সার্জন।

ওই বৃদ্ধ নগরেরই বাসিন্দা। সম্প্রতি তাঁর ছেলে যুক্তরাজ্য থেকে দেশে এসেছিলেন।

সিলেট সিভিল সার্জন ও জেলা প্রশাসন সূত্রে জানা যায়, এই ব্যক্তি কিডনির জটিলতায় ভুগছিলেন। তাঁর নিয়মিত ডায়ালাইসিস করাতে হতো। ১৪ মার্চ তাঁর ছেলে যুক্তরাজ্য থেকে দেশে ফেরেন। পরে প্রবাসী ছেলে তাঁকে বেসরকারি হাসপাতালে নিয়ে চিকিৎসা করান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে বাড়িতে কোয়ারেন্টিনে (পৃথক কক্ষে রাখা) রাখার পরামর্শ দেন।

সিলেট জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মেজবাহ উদ্দিন প্রথম আলোকে বলেন, ‘মারা যাওয়া ব্যক্তি হোম কোয়ারেন্টিনে ছিলেন। তাঁর ছেলেরও হোম কোয়ারেন্টিনে থাকার কথা। কিন্তু তিনি যুক্তরাজ্যে ফিরে গেছেন। আমরা পর্যবেক্ষণকালেও নির্দেশনা দিয়ে এসেছি।’

সিলেটের সিভিল সার্জন প্রেমানন্দ মণ্ডল বলেন, মারা যাওয়া ব্যক্তি ডায়ালাইসিসের রোগী ছিলেন। নিজ বাড়িতে কোয়ারেন্টিনে ছিলেন। এখন শুধু তিনি নন সারা দেশ কোয়ারেন্টিনে রয়েছে। তিনি করোনা আক্রান্ত ছিলেন না, দাফনের ব্যবস্থা করবেন পরিবারের সদস্যরা।

নিউইয়র্কে করোনাভাইরাসে ৪

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বছরের মোহাম্মদ ইসমত। আগের সপ্তাহে মারা গেছেন মোতাহের হোসেন ও মোহাম্মদ আলী নামের দুই বাংলাদেশি।

সূএ যুগান্তর

মেহেরপুরে করোনা প্রতিরোধে জনসাধারণকে সচেতন করতে সেনাবাহিনী

করোনা ভাইরাস প্রতিরোধে জনসাধারণকে সচেতন ও প্রশাসনকে সহযোগিতা করার জন্য সেনাবাহিনী মেহেরপুর পৌঁছেছে। গতকাল মঙ্গলবার বগুড়ার ৪০ ফিল্ড আর্টিলারি রেজিমেন্ট অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল ফখরুদ্দীনের নেতৃত্বে সেনাবাহিনীর সদস্যরা মেহেরপুর পৌঁছেছেন।
দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আতাউল গনির সভাপতিত্বে যৌথ সভায় বক্তব্য রাখেন বগুড়া সেনা ক্যাম্পের ৪০ ফিল্ড আর্টিলারি রেজিমেন্ট অধিনায়ক লে, কর্নেল ফখরুদ্দিন, পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তৌফিকুর রহমান,ক্যাপ্টেন রাকিব ।
সভায় অযথা জনসমাগম না করা সহ, প্রবাসীদের ঘরের বাইরে বের না হওয়া, সামাজিক দূরত্ব বজায় রাখার অনুরোধ জানানো হয়। একই সাথে বিনা কারণে ঘরের বাইরে বের না হওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়।
সেনাবাহিনী বিদেশ থেকে ফেরত আসা ব্যক্তির অবস্থান নির্ণয় ও তাঁদের নিজ নিজ অবস্থানে কোয়ারেন্টিন নিশ্চিত করাই হবে মূল লক্ষ্য।

২৪ ঘণ্টায় মেহেরপুরে কোয়ারান্টিনে ১১৫ জন

নভেল করোনাভাইরাসের প্রকোপে গেলো ২৪ ঘণ্টায় মেহেরপুর জেলার ৩ টি উপজেলায় ১১৫ জন বিদেশ থেকে আসা কোয়ারেন্টিনে ভর্তি হয়েছেন। মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে মেহেরপুর সদর উপজেলায় ১৬ জন গাংনী উপজেলায় ৯১ জন এবং মুজিবনগর উপজেলায় ৮ জন কোয়ারান্টিনে ভর্তি হন ।
এ নিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় মোট ৩০৪ হোম কোয়ারেন্টিনে আছে। এদিকে এখন পর্যন্ত মোট ৭০ জনকে কোয়ারেন্টি থেকে ছাড়পত্র দেয়া হয়েছে বলে স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা গেছে।

খালেদা জিয়াকে মুক্তির সিদ্ধান্ত

কারাবন্দী বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সাজা ছয় মাসের জন্য স্থগিত রেখে তাঁকে ছয় মাসের জন্য মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ–সংক্রান্ত সুপারিশ করে আইন মন্ত্রণালয় থেকে ফাইল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

আইনমন্ত্রী আনিসুল হক আজ মঙ্গলবার তাঁর বাসায় সংবাদ সম্মেলন করে এ তথ্য জানান।

এ সময়ের মধ্যে খালেদা জিয়া নিজ বাসায় থেকে চিকিৎসা নিতে পারবেন। তিনি বিদেশে যেতে পারবেন না। অন্য হাসপাতালেও চিকিৎসা নিতে পারবেন না।

মন্ত্রী বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুমোদন দিলেই তিনি মুক্তি পাবেন।

এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বর্তমান পরিপ্রেক্ষিতে তাঁকে বিদেশে পাঠানো মানে তাঁকে ‘সুইসাইডের’ মুখে ফেলা।

সুত্র-প্রথম আলো

করোনা কেড়ে নিল আরও এক প্রাণ, নতুন শনাক্ত ৬

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে আরও একজনের মৃত্যু হয়েছে। এ ছাড়া নতুন করে আরও ছয়জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট চারজনের মৃত্যু ও ৩৯ জন আক্রান্ত হলেন।

করোনার সবশেষ পরিস্থিতি নিযে মঙ্গলবার অনলাইন লাইভ ব্রিফিংয়ে এ তথ্য জানিয়েছেন সরকারের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা বিভাগের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা।

বাংলাদেশে ৮ মার্চ প্রথম তিনজন করোনায় আক্রান্ত রোগী শনাক্ত করা হয়। আর ১৮ মার্চ একজনের মৃত্যুর খবর জানানো হয়।

দুদিন পর ২১ মার্চ আরও এক বৃদ্ধের মৃত্যুর খবর নিশ্চিত করেন স্বাস্থ্যমন্ত্রী ডা. জাহিদ মালেক।

গতকাল সোমবার আরও একজনের মৃত্যুর খবর জানায় আইইডিসিআর।

১৯০টিরও বেশি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়া কোভিড-১৯ রোগকে ইতিমধ্যে বৈশ্বিক মহামারী ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা-হু। এতে মৃত্যুর সংখ্যা ১৬ হাজার ছাড়িয়েছে।

সুত্র-যুগান্তর

এবার অনির্দিষ্টকালের জন্য বন্ধ হলো যাত্রীবাহী ট্রেন

করোনা মোকাবেলায় গণপরিবহন ও লঞ্চ বন্ধ ঘোষণার পর এবার যাত্রীবাহী সব ধরনের ট্রেন চলাচল বন্ধের সিদ্ধান্ত হয়েছে।

মঙ্গলবার থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে বলে রেলপথমন্ত্রী নুরুল ইসলাম জানিয়েছেন।

আজ দুপুরে চলমান পরিস্থিতি নিয়ে রেলভবনে জরুরি সংবাদ সম্মেলন করেন রেলমন্ত্রী।

সেখানে তিনি বলেন, আমাদের যাত্রীবাহী মোট ট্রেন রয়েছে ৩৬৪ টি। এরমধ্যে লোকাল, মেইল, কমিউটার ও ডেমোসহ ২৫৭টি ট্রেন আজ ভোর থেকে বন্ধ রয়েছে। বাকিগুলো বন্ধ করে দেয়া হয়েছে।

বিস্তারিত আসছে…

করোনায় চীনের সহায়তা আসছে ২৬ মার্চ

করোনাভাইরাস মোকাবেলায় চীন বাংলাদেশকে যে সহায়তা দেয়ার ঘোষণা দিয়েছিল, সেটি আসছে আগামী ২৬ মার্চ।

মঙ্গলবার সকালে ঢাকায় চীনা দূতাবাসের ডেপুটি চিফ অব মিশন এবং

কাউন্সেলর ইয়ান হুয়ালং এক বার্তায় এ তথ্য জানিয়েছেন।

ঢাকাস্থ চীনের দূতাবাস এক বিবৃতিতে এ ইস্যুতে দেশটি প্রেসিডেন্টের অঙ্গীকারের কথা জানানো হয়।

বিবৃতিতে বলা হয়েছে, চীনা দূতাবাস বাংলাদেশি সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে জানিয়েছে যে, চীন আমাদের বন্ধুত্বপূর্ণ বাংলাদেশিদের জন্য বিপুলসংখ্যক টেস্ট কিটসহ জরুরি চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ করার সিদ্ধান্ত নিয়েছে। সেগুলো ২৬ মার্চ চীন সরকারের বিশেষ বিমানে ঢাকায় আসবে। মহামারী রোধে চীন বরাবরই বাংলাদেশের সবচেয়ে নির্ভরযোগ্য অংশীদার ছিল এবং থাকবে বলেও অঙ্গীকার ব্যক্ত করা হয় বিবৃতিতে।

চীনের সহায়তার মধ্যে রয়েছে- কিট, সার্জিক্যাল এনরেসপিরেটর, চিকিত্সা পোশাক এবং এক হাজার ইনফ্রারেড থার্মোমিটার।

চীনের হুবেইপ্রদেশের উহান শহর থেকে বিশ্বময় ছড়িয়ে পড়েছে করোনাভাইরাস। এ ভাইরাসে এখন পর্যন্ত ১৬ হাজার ৬০০ মারা গেছেন। আক্রান্ত হয়েছেন সাড়ে তিন লাখেরও বেশি মানুষ। বাংলাদেশে থাবা বসিয়েছে করোনা। এখন পর্যন্ত ৩৩ জন করোনা রোগী শনাক্ত হয়েছেন। মারা গেছেন অন্তত তিনজন। করোনাকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা মহামারী হিসেবে ঘোষণা করেছে।

সুত্র-যুগান্তর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]